

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

নং ২৪.০৬.০০০০.০০৯.২৯.০০১.১৪-০৮

তারিখ: ১৬-০১-২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

ISC এর বিশেষজ্ঞ দলের সাথে রেশম খাতের স্টেকহোল্ডারদের আলোচনা সভা

রাজশাহী/১৬-০১-১৭

বাংলাদেশে রেশম খাতকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে আজ ১২.০০ ঘটিকায় রেশম উন্নয়ন বোর্ডের সভাকক্ষে International Sericulture Commission(ISC) এর বিশেষজ্ঞ দলের সাথে রেশম খাতের স্টেকহোল্ডারদের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় স্টেকহোল্ডারগণ রেশম শিল্পের অতীত ঐতিহ্য তুলে ধরেন এবং এ শিল্পের বর্তমান বিভিন্ন সমস্যার বিষয়সমূহ পর্যালোচনা করেন। তাঁরা উন্নত জাত উদ্ভাবনসহ বেসরকারী পর্যায়ে উদ্যোক্তা সৃষ্টি এবং রেশম উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ে সুষ্ঠু সমন্বয় থাকা প্রয়োজন বলে জানান। ISC এর বিশেষজ্ঞ দল স্টেকহোল্ডারগণের বক্তব্যের আলোকে বলেন, বাংলাদেশেও রেশম শিল্পের উন্নয়ন করা সম্ভব, তবে তা একদিনে সম্ভব নয়। তারা বলেন, প্রথমত উন্নয়নের পথে সমস্যাসমূহ চিহ্নিত করা প্রয়োজন। এক্ষেত্রে তাঁরা গবেষণার উন্নয়ন ও রেশম চাষ সম্প্রসারণ সংক্রান্ত সঠিক পলিসি, টেকনোলজির উন্নয়নসহ দক্ষ জনবল তৈরীর বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় সভাপতিত্ব করেন রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক আনিস-উল-হক ভূইয়া এবং স্বাগত বক্তব্য দেন বোর্ডের সদস্য(সম্প্রসারণ ও প্রেষনা) মো: নাজীবুল ইসলাম।

আইএসসি'র বিশেষজ্ঞ টিমের মধ্যে ছিলেন সেন্ট্রাল সিল্ক বোর্ড, ভারত এর পরিচালক(অব:), ড. এস. নির্মল কুমার এবং ড. বি.এস. আনগারী ও পোস্ট কোকুন এক্সপার্ট ড. এম. শিবা কুমার এবং সার্ক এগ্রিকালচার সেন্টার এর পরিচালক ড. এস. এম. বখতিয়ার এবং সিনিয়র প্রোগ্রাম অফিসার ড. তায়ান রাজ গুরুং।

সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বোর্ডের সদস্য(অর্থ ও পরিকল্পনা) মো: কামালউদ্দীন, রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এর পরিচালক মোঃ জামালউদ্দীন শাহ, সচিব মোঃ জায়েদুল ইসলাম, রেশম শিল্প মালিক সমিতির সভাপতি মো: লিয়াকত আলী, সপুরা সিল্ক মিলস্ লি: এর পরিচালক, এসএমইএবি'র সদস্য, ব্রাকের প্রতিনিধি, রেশম শিল্পের বিভিন্ন এক্সপার্ট, সিবিএ সভাপতিসহ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য, উক্ত বিশেষজ্ঞ দল ১৬-০১-১৭ খ্রি: তারিখ থেকে ২২-০১-১৭খ্রি: তারিখ পর্যন্ত বাংলাদেশ সফর করে বাংলাদেশের রেশম খাত মূল্যায়ন করবেন।

স্বাক্ষরিত/১৬-০১-১৭

(সুমন ঠাকুর)

জনসংযোগ কর্মকর্তা

ফোন: ৭৭৫০১৩

মোবা: ০১৭৩১৫০৮৪৭৭

ইমেইল: suar30.4@gmail.com